# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 19.08.2024 Time: 7.50 P.M.**

-

বিশেষ বিশেষ খবর –

১) আর জি কর কান্ডে গুজব ছড়ানোর অভিযোগে ২৮০ জনকে নোটিশ দিয়েছে লালবাজার।

২) ভুয়ো তথ্য দেবার অভিযোগে পুলিশী তলবে আজ লালবাজারে যান দুই প্রবীণ চিকিৎসক কুনাল সরকার ও সুবর্ন গোস্বামী।

৩) আর জি কর কান্ডে ধৃত সঞ্জয় রায়ের পলিগ্রাফ টেস্টের অনুমতি দিয়েছে শিয়ালদা আদালত।

৪) আজও বিভিন্ন হাসপাতালে নির্যাতিতার জন্য ন্যায় বিচার চেয়ে আন্দোলন চলছে।

৫) রাজ্য সরকার কলকাতা পুলিশের আওতায় থাকা থানাগুলিতে কর্তব্যরত সিভিক ভলান্টিয়ারদের সম্পর্কে বিস্তারিত তথ্য তলব করেছে।

৬) প্রতিবাদ বিক্ষোভের মধ্য দিয়েই আজ পালিত হয়েছে রাখী বন্ধন উৎসব।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আরজি কর-কাণ্ডে ভুয়ো তথ্য ছড়ানোর অভিযোগে কড়া পদক্ষেপ লালবাজারের। গুজব ছড়ানোর অভিযোগে এ বার ২৮০ জনকে নোটিস দেওয়া হয়েছে লালবাজার থেকে। পুলিশ সূত্রে খবর, তালিকায় পশ্চিমবঙ্গের পাশাপাশি রয়েছেন মধ্যপ্রদেশ, উত্তরপ্রদেশ ও রাজস্থানের বাসিন্দাও। কারও বিরুদ্ধে গুজব ছড়ানোর অভিযোগ রয়েছে, কারও বিরুদ্ধে রয়েছে। মৃতার পরিচয় প্রকাশ করার অভিযোগ। এছাড়া বাংলাদেশ ও পাকিস্তানের আইপি অ্যাড্রেস ব্যবহার করেও গুজব ছড়ানো হয়েছে বলে লালবাজার সূত্রে খবর। সূত্রের দাবি, গুজব ছড়ানোর কাজে সমাজমাধ্যমে অনেক ভুয়ো প্রোফাইল ব্যবহার করা হয়েছিল

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর কান্ড নিয়ে ভুল তথ্য দেওয়া এবং নির্যাতিতার নাম প্রকাশের অভিযোগে পুলিশী তলবে আজ লালবাজারে হাজির হন দুই প্রবীন চিকিৎসক কুনাল সরকার ও সুবর্ণ গোস্বামী। কলকাতা মেডিকেল কলেজ হাসপাতাল থেকে তাঁদের নিয়ে চিকিতসকদের একটি মিছিল লালবাজার রওনা হলে ফিয়ার্স লেনে ব্যারিকেড দিয়ে পুলিশ মিছিল আটকে দেয়। ডিসি পদমর্যাদার দুই আধিকারিক এসে ডাক্তার সরকার ও ডাক্তার গোস্বামীকে লালবাজারের ভেতরে নিয়ে যান। সঙ্গে ছিলেন তাঁদের আইনজীবিরা। দুই চিকিতসকেরই দাবী, কোনো রকম আইনবিরুদ্ধ কাজ তাঁরা করেননি। ঘণ্টাখানেক পর তারা বেরিয়ে আসেন। কুনাল সরকার বলেন, তাঁরা চান প্রতিটি মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসকরা যেন সুরক্ষিতভাবে কাজ করতে পারেন।

মিছিলে যোগ দেওয়া চিকিতসকদের অভিযোগ, মুখ বন্ধ করার জন্য এবং ভয় দেখাতেই পুলিশের এই সক্রিয়তা। আর জি কর হাসপাতালে ১৪ই আগষ্ট মধ্যরাতে দুষ্কৃতী তান্ডবের সময় পুলিশের এই ততপরতা দেখা যায়নি কেন সে প্রশ্নও তুলেছেন তাঁরা।

এদিকে, আর জি কর হাসপাতালে আন্দোলনরত চিকিৎসক ও পড়ুয়াদের হাতে আজ রাখী পরিয়ে দেন পুলিশ কর্মীরা। আন্দোলনকারীরাও পুলিশের হাতে বেঁধে দেন We Want Justice লেখা ব্যান্ড।

শিক্ষক সংগঠন শিক্ষানুরাগী ঐক্য মঞ্চ আর জি করের ঘটনার প্রতিবাদে আজ হাতে কালো রাখী পরে কলকাতায় মিছিল করে। সুবোধ মল্লিক স্কোয়ার থেকে মিছিল যায় ধর্মতলা পর্যন্ত।

প্রদেশ কংগ্রেসের পক্ষ থেকে প্রতিবাদ কর্মসূচীর মধ্য দিয়ে রাখীবন্ধন উৎসব পালন করা হয়। টালিগঞ্জ ফাঁড়ির সামনে মহিলা সদস্যরা অনেকের হাতে রাখী পরিয়ে দেন। উপস্থিত ছিলেন দলের রাজ্য সাধারণ সম্পাদক আশুতোষ চট্টোপাধ্যায়।

oooooooooooooooooooooo

আর জি কর কান্ডে ধৃত এক মাত্র অভিযুক্ত সঞ্জয় রায়ের পলিগ্রাফ টেস্টের অনুমতি দিয়েছে শিয়ালদা আদালত। ৯-ই আগস্ট চিকিৎসক পড়ুয়া তরুণীর মৃতদেহ হাসপাতালের সেমিনার রুম থেকে উদ্ধার হওয়ার পরের দিনই গ্রেফতার হয়েছিল এই সিভিক ভলান্টিয়ার। আদালতের নির্দেশে তদন্তভার হাতে নেওয়ার পর পুলিশের কাছ থেকে সঞ্জয়কে হেফাজতে নেয় সিবিআই। তার বয়ানে নানারকম অসঙ্গতি ধরা পড়ে। তাকে জেরার সময় মনস্তত্ত্ববিদের সাহায্য নেওয়া হয়। এবার পলিগ্রাফ টেস্ট করা হবে সঞ্জয়ের।

এদিকে, আজ নিয়ে টানা চারদিন আর জি করের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষকে জেরা করছে সিবিআই। তিনদিন ধরে ৩৭ ঘণ্টা জিজ্ঞাসাবাদ করা হয় তাকে।

কেন্দ্রীয় তদন্তকারীদের একটি দল আজ আর জি কর হাসপাতালে যায়। সঙ্গে ছিল অত্যাধুনিক নানা সরঞ্জাম।

oooooooooooooooooooooo

সিবিআইয়ের একটি দল আজ বিকেলে আবার নিহত নির্যাতিতা তরুনী চিকিৎসক পড়ুয়ার পানিহাটির বাড়িতে যায়। দলের ৫ সদস্য পরিবারের সঙ্গে কথা বলেন। বৃহস্পতিবার বাড়িতেই মৃতার বাবা মায়ের বয়ান রেকর্ড করা হয়।

তিন চিকিৎসকও আজ নির্যাতিতার বাড়িতে যান।

অন্যদিকে, আর জি কর সংক্রান্ত কিছু নথি আজ সিবিআইয়ের দপ্তরে গিয়ে জমা দেন তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ। তিনি জানান, হাসপাতালেরই কয়েকজন পড়ুয়া তাঁকে ঐ নথি দিয়েছেন সিবিআইয়ের হাতে তুলে দেওয়ার জন্য।

oooooooooooooooooooooo

আর জি কর কান্ডের ন্যায় বিচার চেয়ে কলকাতা হাইকোর্টের আইনজীবিরা আজ মিছিল করেন। রাজনৈতিক দলমত নির্বিশেষে মিছিলে অংশ নেন প্রবীণ থেকে নবীন বহু আইনজীবী। ছিলেন তৃণমূল কংগ্রেস সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়, সি পি আই এম সাংসদ বিকাশরঞ্জন ভট্টাচার্য, দলের তরুণ নেতা সব্যসাচী চট্টোপাধ্যায় ও সায়ন বন্দ্যোপাধ্যায়,  বিজেপি নেতা তরুণ জ্যোতি তিওয়ারী, প্রাক্তন অ্যাডভোকেট জেনারেল সৌমেন্দ্রনাথ মুখোপাধ্যায় প্রমুখ। হাইকোর্ট চত্ত্বরে মিছিল চলাকালীন মেজাজ হারান কল্যাণ বন্দ্যোপাধ্যায়। রাজনৈতিক শ্লোগান দেওয়া হচ্ছে বলে অভিযোগ করেন তিনি। এক আইনজীবির সঙ্গে কল্যাণের ধাক্কাধাক্কি শুরু হলে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। অন্য

আইনজীবিরা এসে কল্যাণোকে সরিয়ে নিয়ে যান। সৌমেন্দ্রনাথ বলেন, পুলিশের ওপর সাধারণ মানুষের আস্থা নেই। আদালতের নজরদারিতে স্বচ্ছ ও সঠিক তদন্ত করতে হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

গ্রেফতার হওয়ার আশঙ্কায় কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হলেন তৃণমূল কংগ্রেসের রাজ্যসভার সাংসদ সুখেন্দুশেখর রায়। আর জি কর-কাণ্ডে সোশ্যাল মিডিয়ায় ভুল তথ্য পোষ্ট করার অভিযোগে তাঁকে দুটি নোটিস পাঠায় কলকাতা পুলিশ। অসুস্থতার কথা জানিয়ে চিকিৎসার নথি লালবাজারে পাঠিয়ে দেন সাংসদ। মামলা দায়ের করার অনুমতি দিয়েছেন কলকাতা হাই কোর্টের বিচারপতি রাজর্ষি ভরদ্বাজ। আগামীকাল এর শুনানি হতে পারে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর ইস্যুতে ১০ দিন ধরে নানা ভাবে প্রতিবাদ করছেন মুর্শিদাবাদ মেডিকেল কলেজের জুনিয়ার ডাক্তার, ইন্টার্ন, চিকিৎসক পড়ুয়া সহ সিনিয়র ডাক্তাররাও। আজ সকাল থেকে নতুন করে বিক্ষোভ প্রদর্শন শুরু হয়েছে। জেলার ৫ টি মহকুমার সমস্ত চিকিৎসক তাদের প্রাইভেট চেম্বার বন্ধ রেখেছেন। আন্দোলনের প্রভাব পড়েছে মুর্শিদাবাদ মেডিকেল কলেজ সহ মহকুমা ও ব্লক স্তরের সরকারি হাসপাতালের বর্হিবিভাগেও। সরকারিভাবে ওপিডি খোলা থাকলেও ডাক্তারের অভাব লক্ষ্য করা গেছে।

জলপাইগুড়ি মেডিক্যাল কলেজে আজ  জুনিয়র ডাক্তাররা রোগী থেকে সাধারণ মানুষ, সবার হাতে রাখি বেঁধে দেন। রাখীর ওপর লেখা রয়েছে

"রাখী পরাও রাখী পরো অভয়াদের জন্য মানব-বন্ধন গড়ো"। আর জি কর কান্ডের প্রতিবাদে তাদের আন্দোলন আজ দশদিনে পড়ল। এন আর এস হাসপাতাল থেকেও একজন জুনিয়র ডাক্তার জলপাইগুড়ি মেডিকেল কলেজের আন্দোলনে যোগ দিয়েছেন। অধ্যাপক চিকিৎসক ডাক্তার সুদীপন মিত্র বলেন, ডিউটির ফাঁকে আন্দোলন চালিয়ে যাচ্ছেন তিনি।এমারজেন্সি,আউটডোর খোলা রয়েছে। চিকিৎসা বন্ধ হয়নি।

চিকিৎসক ধর্ষণ - খুনে উপযুক্ত তদন্ত ও বিচার এবং অপরাধীদের অবিলম্বে গ্রেফতার ও কঠোরতম শাস্তির দাবিতে রাখি পূর্ণিমার তিথিতে সাগর দত্ত মেডিকেল কলেজ হাসপাতালে নার্সরা আজ বিক্ষোভ দেখান। মিছিল করেন হাসপাতাল চত্বরে। তাদের সঙ্গে ছিলেন আন্দোলনরত জুনিয়র ডাক্তার সহ হাসপাতালের কর্মীরা।

oooooooooooooooooooooooo

বিজেপির মহিলা মোর্চা আজ রাখি বন্ধন উৎসব পালন করে। সকালে তারা রাজভবনে গিয়ে রাজ্যপালের হাতে রাখি পরিয়ে দেন। সেখানে তারা রাজ্যপালের সঙ্গে পুলিশের আক্রমণের বিষয়ে আলোচনা করেন। আরজিকরে মহিলাদের রক্ষা করার পরিবর্তে পুলিশ প্রশাসন সন্ত্রাসকে মদত দিচ্ছে বলে মহিলা মোর্চার প্রতিনিধি দল অভিযোগ করেন।

এরপর প্রস্তাবিত কর্মসূচি অনুযায়ী মহিলা মোর্চার সদস্যরা কলকাতার ১৫টি জায়গা সহ সারা রাজ্যে রাখি বন্ধন উৎসব পালন করে। বিজেপি নেত্রী লকেট চট্টোপাধ্যায় যাদবপুরে এবং দলের রাজ্য সাধারণ সম্পাদক অগ্নিমিত্রা পাল কলেজ স্কোয়ারে রাখি বন্ধন উৎসবে অংশ নেন। পরে বিকেলে বিজেপির সদর কার্যালয়ে এক অনুষ্ঠানে মহিলা মোর্চার সদস্যরা রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারের হাতে রাখি পরিয়ে দেন।

oooooooooooooooooooooooooo

আর জি কর কান্ড নিয়ে প্রতিবাদ বিক্ষোভের জেরে ভেস্তে গেল রাজ্য সরকারের অনুষ্ঠান। ন্যায় বিচারের দাবীতে আন্দোলনে নামলেন জলপাইগুড়ি শহরের সাংস্কৃতিক কর্মী ও সংস্কৃতিপ্রেমীরা। গতকাল বিকেলে এই আন্দোলনকে কেন্দ্র করে আর্ট গ্যালারির সামনে উত্তেজনা ছড়ায়। বিশাল পুলিশ বাহিনী ব্যারিকেড দিয়ে মিছিল আটকে দেয়। সেখানেই অবস্থান বিক্ষোভ করেন আন্দোলনকারীরা। তাঁদের দাবী একটাই , আরজিকরের ঘটনায় বিচার ও মুখ্যমন্ত্রীর পদত্যাগ। নামী সঙ্গীত শিল্পীদের অনুষ্ঠান দেখতে সমরেন্দ্র কলাকেন্দ্রে যাননি কেউই। তার পাশেই প্রতিবাদী চিত্র শিল্পীরা ক্যানভাসে ফুটিয়ে তোলেন আর জি করে চিকিৎসকের ওপর ভয়ঙ্কর নির্যাতনের ঘটনা। শহরের বহু মানুষ এই কর্মসূচিতে যোগ দিয়েছিলেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর কান্ডে বিজেপি পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর পদত্যাগ দাবী করেছে। নতুন দিল্লীতে আজ এক সাংবাদিক বৈঠকে দলের মুখপাত্র গৌরব ভাটিয়া অভিযোগ করেন, মমতা ব্যানার্জীর কাজকর্মে নারীর মর্যাদা ভূলুণ্ঠিত। রাজ্যের আইনশৃঙ্খলাও বিঘ্নিত হচ্ছে। দোষীদের মৃত্যুদন্ড সুনিশ্চিত করতে যে প্রমাণের দরকার ছিল, তা মুখ্যমন্ত্রীর উদ্যোগেই নষ্ট হয়েছে বলে তাঁর অভিযোগ। মুখ্যমন্ত্রী হিসেবে রাজ্যের আইনশৃঙ্খলা সুনিশ্চিত করা তাঁর দায়িত্ব কিন্তু, মুখ্যমন্ত্রী নিজেই কর্তৃপক্ষের বিরুদ্ধে মিছিল করছেন বলে শ্রী ভাটিয়া কটাক্ষ করেন। এ ব্যাপারে কংগ্রেস নেতা রাহুল গান্ধীর নীরবতা নিয়েও প্রশ্ন তলেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আরজিকরের ঘটনায় মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবিতে বিজেপি বুধবার থেকে ধর্না কর্মসূচি পালন করবে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার জানিয়েছেন,কর্মসূচির অনুমোদনের জন্য তারা আদালতের দ্বারস্থ

হয়েছেন।এবিষয়ে আগামীকাল শুনানি হবে এবং আদালত দ্রুত অনুমোদন দিলে আগামীকালই তারা এই কর্মসূচি শুরু করবেন। এরপর সাতদিনব্যাপী ধর্না কর্মসূচি চলবে। এই কর্মসূচির মধ্যে ২২তারিখ দলের পক্ষ থেকে স্বাস্থ্য ভবন ঘেরাও করা হবে। রাজ্য সভাপতি বলেন,শুধুমাত্র বিজেপি নয়,সাধারণ মানুষও তাদের সাথে যোগ দিয়ে মুখ্যমন্ত্রী তথা স্বাস্থ্যমন্ত্রী ও পুলিশ মন্ত্রীর পদত্যাগ চাইবেন। আরজিকরে ঘটনার পর কার নির্দেশে নিহত চিকিৎসকের পরিবারকে আত্মহত্যা বলে ফোন করে জানানো হয়েছিল,তাদের তিন ঘন্টা বসিয়ে রেখে কেন মরদেহ দেখতে দেওয়া হয়নি,শরীরে একাধিক আঘাতের চিহ্ন থাকা সত্ত্বেও হত্যার পরিবর্তে অস্বাভাবিক মৃত্যুর মামলা কেন করা হয়েছিল,যে হাসপাতালে নির্যাতিতার মৃত্যু হয়েছে এবং হাসপাতালের একাংশ জড়িত সেখানে ময়না তদন্ত কেন হয়েছে এবং মরদেহ সৎকারের জন্য এত তাড়াহুড়ো কেন করা হয়েছিল এইসব বিষয় সহ একাধিক বিষয়ে রাজ্য সভাপতি স্বাস্থ্যমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর উদ্দেশ্যে প্রশ্ন তোলেন।

oooooooooooooooooooooo

We demand Justice এই স্লোগান কে সামনে রেখে R G Kar ঘটনায় প্রকৃত দোষীদের খুঁজে বার করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে কেন্দ্রীয় ট্রেড ইউনিয়ন সমূহ আগামীকাল কলকাতায় প্রতিবাদ মিছিলের ডাক দিয়েছে। CITU, AITUC, AICCTU, INTUC, AIUTUC, TUCC, HMS, UTUC এর যুক্ত মঞ্চের আহ্বায়ক CITU রাজ্য সম্পাদক অনাদি সাহু আজ কলকাতায় এক সাংবাদিক বৈঠকে একথা জানিয়ে বলেন , আগামীকাল ধর্মতলার লেনিন মূর্তির পদদেশ থেকে কলেজ স্ট্রিট পর্যন্ত এই মিছিল করা হবে। তিনি বলেন, আরজি করের ওই ঘটনার পাশাপাশি রাজ্যের সরকারি হাসপাতাল গুলি যেখানে দুর্নীতির আখড়া হয়ে উঠেছে সেসব হাসপাতাল গুলিতে অবৈধ কাজ বন্ধ করতে সরকারকে উপযুক্ত পদক্ষেপ নেওয়ার কথা বলেন। একই সঙ্গে

রাজ্যের স্বাস্থ্য মন্ত্রী ও কলকাতা পুলিশ কমিশনারের পদত্যাগ এবং আরজি করের প্রাক্তন অধ্যক্ষ কে সিবিআই এর হেফাজতে নিয়ে তদন্ত করা এবং তদন্ত দ্রুত শেষ করার দাবি জানান।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আরজি করে তরুণী চিকিৎসককে ধর্ষণ করে খুনের কুৎসিত ঘটনায় তৃণমূল কংগ্রেস সর্বতোভাবে প্রতিবাদ করছে, দোষীদের ফাঁসির দাবি জানাচ্ছে বলে তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ জানিয়েছেন। দলের রাজ্য সহ-সভাপতি জয়প্রকাশ মজুমদারের সঙ্গে আজ এক যৌথ সাংবাদিক বৈঠকে কুনাল বাবু বলেন, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জি প্রথম থেকেই RG করের এই ঘটনার প্রতিবাদে সোচ্চার হয়েছে ন, ফাঁসির দাবি জানিয়েছেন। কুনাল বাবু বলেন, আর জি কর এর এই ঘটনায় সাধারণ মানুষের আবেগকে তৃণমূল কংগ্রেস সম্মান করে। ঘটনায় কলকাতা পুলিশ তৎপরতার সঙ্গে তদন্ত শুরু করেছিল ১২ ঘণ্টার মধ্যে একজনকে গ্রেফতার করেছে। এই ঘটনায় মুখ্যমন্ত্রী রবিবারের মধ্যে তদন্ত শেষ করার কথা বলেছিলেন। এর পাশাপাশি তিনি সিবিআই তদন্ত হতে পারে বলেও জানিয়েছিলেন। আদালতের নির্দেশে তদন্ত এখন সিবিআইয়ের হাতে। ন্যায় বিচার এখন CBI কেই দিতে হবে বলে কুনাল বাবু মন্তব্য করেন। আরজি করের ঘটনা নিয়ে বাম রাম ,আর কিছু অপশক্তি মিলে লাগাতার বিভ্রান্তি ছড়াচ্ছে। সোশ্যাল মিডিয়ায় মিথ্যা কথা বলে মানুষের আবেগকে বিপথে চালিত করার চেষ্টা চালাচ্ছে বলে অভিযোগ করেন কুনাল বাবু।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকার কলকাতা পুলিশের আওতায় থাকা থানাগুলিকে সেখানে কর্তব্যরত সিভিক ভলান্টিয়ারদের সম্পর্কে বিস্তারিত তথ্য তলব করেছে। তাদের

অতীত রেকর্ড, চরিত্রগত মূল্যায়ন এবং পরিচয় পত্রের প্রতিলিপি যাচাই করার পাশাপাশি কর্মক্ষেত্রে তাদের পারফরমেন্স, মদ্যপান করেন কিনা, তার বিরুদ্ধে কোন অভিযোগ আছে কিনা তার বিস্তারিত লিখিত আকারে পাঠানোর জন্যে স্বরাষ্ট্র দপ্তর থেকে লালবাজারকে নির্দেশ দেওয়া হয়েছে বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। উল্লেখ্য আর জি কর হাসপাতাল কান্ডে ধৃত সঞ্জয় রায় সিভিক ভলান্টিয়ার পদে কর্মরত হওয়ায় রাজ্য সরকারের এই পদক্ষেপ বলে মনে করা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভারতের মহাকাশ গবেষণা ও তার সাফল্যকে বিশ্ববাসীর কাছে তুলে ধরতে ২৩ শে আগস্ট দিনটিকে জাতীয় মহাকাশ দিবস ঘোষণা করা হয়েছে। ২০২৩ এর ২৩ শে আগস্ট ভারত পৃথিবীর চতুর্থ দেশ হিসেবে চন্দ্রাভিযানে সফল হয়। ভারতই প্রথম দেশ যাদের চন্দযান দক্ষিণ মেরুতে অবতরণ করে। এই কৃতিত্বকে স্মরণীয় করে রাখতে ২৩ শে আগস্ট দিনটিকে বেছে নেওয়া হয়। এবারেই প্রথম উদযাপিত হবে দিনটি।

ইসরোর Science Programme বিভাগের ডিরেক্টর, ডঃ তীর্থ প্রতিম দাস বললেন, ভারতের মহাকাশ চর্চা শুরু হয়েছিল সমাজ কল্যাণের দিকে লক্ষ্য রেখে, অন্যান্য দেশের মতো প্রতিরক্ষার কথা ভেবে নয় যা প্রতিটি ভারতবাসীর জন্য গর্বের।

বাইট ডঃ তীর্থ প্রতিম দাস।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০